# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০ / ১৬ অক্টোবর ২০২৩

## বিজ্ঞপ্তি

সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভা ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ গ্র্যান্ড প্যালেস হোটেল এন্ড রিসোর্টস, সিলেট-এ এবং নৈতিকতা কমিটির সভা ০৩ অক্টোবর ২০২৩ তারিখ কর্পোরেশনের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভা এবং নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতৎসঙ্গে জারি করা হলো।

**(এস. এম. সিরাজুল ইসলাম)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আবুল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি। |
| তারিখ ও সময় | : ২৪ সেপ্টেম্বর ২০২৩, সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | : গ্র্যান্ড প্যালেস হোটেল এন্ড রিসোর্টস, সিলেট। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

আইসিবি পরিচালনা বোর্ড এর চেয়ারম্যান ড. মোঃ কিসমাতুল আহসান প্রধান অতিথি হিসেবে সভায় উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব এ. টি. এম. আহমেদুর রহমান বিশেষ অতিথি হিসেবে সভায় উপস্থিত ছিলেন। কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-মহাব্যবস্থাপক (অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন) জনাব বিভাস সাহা উপস্থিত অংশীজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত অংশীজনকে আসন গ্রহণের অনুরোধ জানান এবং কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক ও জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আব্দুল্লাহ আল মামুনকে সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। কর্পোরেশনের জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত অংশীজনকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভার সভাপতি ও কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল হোসেনকে আগত অংশীজনের প্রতি স্বাগত বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

৩। ব্যবস্থাপনা পরিচালক অংশীজনের (Stakeholders') অংশগ্রহণে আয়োজিত সভায় উপস্থিত সকলের প্রতি শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সরকার কর্তৃক প্রণীত ডেল্টা প্ল্যান- ২১০০ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ এবং সে অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বাংলাদেশের প্রভুত অর্থনৈতিক অগ্রগতি সাধিত হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। এরই অংশ হিসেবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং এর আওতাধীন ৩টি সাবসিডিয়ারি কোম্পানি (আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড) সিলেট অঞ্চলের গ্রাহকগণকে সেবা প্রদান করে যাচ্ছে মর্মে সভাপতি উল্লেখ করেন। বাংলাদেশের একমাত্র রাষ্ট্রায়ত্ব মার্চেন্ট ব্যাংক হিসেবে আইসিবি মার্জিন ঋণের সুদ মওকুফ করছে বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক ব্যবস্থার উন্নতিকল্পে মানি মার্কেট ও ক্যাপিটাল মার্কেট এর পারস্পরিক সহযোগিতা একান্ত কাম্য বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি ব্যাংকসমূহে মন্দ ঋণ বেড়ে যাওয়ার বিষয়ে দৃষ্টি আরোপ করে পুঁজি সংগ্রহের জন্য ক্যাপিটাল মার্কেট এর অপরিহার্যতার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। পরিশেষে তিনি সভায় উপস্থিত সকলকে আইসিবিতে সুশাসন প্রতিষ্ঠায় করণীয় বিষয়ে মূল্যবান মতামত প্রদানের মাধ্যমে আইসিবির ভিত্তিকে আরও সুদৃঢ় করার জন্য অংশীজনের প্রতি আহ্বান জানান।

৪। সভায় আইসিবির সিটিজেন চার্টার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন ২০০৯ ইত্যাদি বিষয়ে আলোকপাত করে আইসিবি কর্তৃক প্রদেয় সেবাসমূহ সকলকে অবহিত করা হয়। এছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও এর কার্যকরণ সম্পর্কে সকলকে অভিহিত করা হয়। অতঃপর সভায় উপস্থিত অংশীজনকে ধারাবাহিকভাবে তাদের মতামত/পরামর্শ প্রদানের জন্য আহ্বান জানানো হয়।

৫। সভায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক এবং কর্পোরেশনের সিলেট শাখার গ্রাহক জনাব কামাল আহমেদ চৌধুরী তাঁর মত ব্যক্ত করেন। তিনি ২০১৯ সাল থেকে আইসিবির সাথে যুক্ত আছেন উল্লেখ করে আইসিবি সিলেট শাখার সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। শুদ্ধাচার প্রতিষ্ঠায় নিজের দায়িত্ব সঠিকভাবে ও নিয়মানুসারে পালনের বিষয়ে গুরুত্বারোপ করে সবাইকে আইনের শাসন মেনে চলার আহ্বান জানান। তিনি বিনিয়োগের পূর্বে বিনিয়োগখাত নিয়ে ভালভাবে অনুসন্ধানপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য বিনিয়োগকারীগণকে আহ্বান জানান।

চলমান পাতা-০২

৬। সভায় চিটাগং স্টক এক্সচেঞ্জ পিএলসি এর সাবেক চেয়ারম্যান জনাব ফখর উদ্দীন আলী আহমেদ বক্তব্য প্রদান করেন। তিনি পূর্ববর্তী গ্রাহকের সাথে সম্মতি জ্ঞাপন করে বিনিয়োগের পূর্বে কোম্পানির ব্যবসার সম্ভাবতা যাচাইপূর্বক বিনিয়োগের বিষয়ে বিনিয়োগকারীদের দৃষ্টি আকর্ষণ করেন। শেয়ার বাজারে নতুন কোম্পানি লিস্টেড হওয়ার পূর্বে সতর্কতার সাথে যাচাই করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি বিনিয়োগকারীদের উদ্দ্যেশে বলেন কমপ্লায়েন্স করা হয় মূলত গ্রাহকগণের স্বার্থ রক্ষার জন্যই। তাই তিনি বিনিয়োগকারীগণকেও সকল নিয়ম যথাযথভাবে পরিপালনের আহ্বান জানান। শেয়ার ক্রয়ের সময়ই প্রাইজ ডিটারমিনেশন ফ্যাক্টর যেমন- কত দামে শেয়ার ক্রয় করা হবে এবং কত দামে বিক্রয় করা হবে তার অগ্রীম হিসাব ঠিক করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি সার্বিক ব্যবসা পরিস্থিতি ও আর্থিক ব্যবস্থার দিকে নজর রেখে ভিন্ন ভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করার পরামর্শ প্রদান করেন। তিনি বিনিয়োগকারীদের স্বল্প সময়ে মুনাফার কথা না ভেবে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করতে উৎসাহ প্রদান করেন। অনেক কোম্পানি পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহ করে তা পুঁজিবাজারে বিনিয়োগ না করে ঋণ পরিশোধে ব্যবহার করে বলে তিনি অভিযোগ করেন। এছাড়া, তিনি গ্রাহকদের সুবিধার্থে শেয়ার বাজার সংশ্লিষ্ট সকল হালনাগাদ তথ্য সরবরাহ করতে আইসিবিতে একটি গবেষণা সেল চালুর অনুরোধ জানান।

৭। সভায় কর্পোরেশনের গ্রাহক এবং সিলেট শিক্ষা বোর্ড এর সাবেক চেয়ারম্যান জনাব আব্দুল কুদ্দুস বক্তব্য প্রদান করেন। তিনি সুশাসন প্রতিষ্ঠায় সকলকে তাদের নির্ধারিত দায়িত্ব সঠিকভাবে পালনের পরামর্শ প্রদান করেন। বর্তমান ডিজিটাল বাংলাদেশ এর প্রেক্ষাপটে আইসিবি অনেক পিছিয়ে আছে বলে তিনি মত ব্যক্ত করেন। অন্যান্য প্রতিষ্ঠানে ঘরে বসে লেনদেনসহ সকল ধরণের গ্রাহক সেবা গ্রহণের সুযোগ থাকলেও আইসিবিতে লেনদেন করার জন্য অফিসে আসার প্রয়োজন হয় উল্লেখ করে এতৎসংক্রান্ত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। অনলাইনে লেনদেনের জন্য আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর একটি ড্যাশবোর্ড থাকলেও তা ইউজার ফ্রেন্ডলি নয় বলে তিনি অবহিত করেন। এছাড়া, আইসিবির বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড এর তহবিলের ফান্ড ইরোশন এর ব্যাপারে আশঙ্কা প্রকাশ করে এর সমাধানকল্পে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করেন। সময়ের সাথে তাল মিলিয়ে এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক প্রতিযোগিতামূলক অবস্থায় থাকার জন্য ডিজিটাল ব্যবস্থাপনায় উন্নতি করার জন্য তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানান।

৮। সভায় জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর মহাব্যবস্থাপক (রাজস্ব) জনাব সুনীল কুমার বৈষ্ণব উপস্থিত ছিলেন। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড সরাসরি পুঁজিবাজারে বিনিয়োগ না করলেও এর বিভিন্ন তহবিলের অর্থ আইসিবিতে জমা রয়েছে বলে জানান। শীঘ্রই আইসিবিতে রক্ষিত তহবিলসমূহ ফেরত পাওয়ার বিষয়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

৯। সভায় আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব জয়দেব শর্মা (বিনিয়োগ হিসাব নং-৯৬) বক্তব্য প্রদান করেন। বিনিয়োগ হিসাবে নমিনি ব্যবস্থা চালু করায় তিনি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আইসিবি ইউনিট ফান্ড সার্টিফিকেট এর সিআইপি সুবিধা পুনরায় চালুকরণ এবং বিদ্যমান সার্টিফিকেট এর বিপরীতে লভ্যাংশ বৃদ্ধির বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, আইসিবি সিলেট শাখায় পুঁজিবাজার বিষয়ে একটি ইনফরমেশন সেল চালু করার জন্য তিনি অনুরোধ জানান।

১০। সভায় আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব মোঃ আশরাফুল করিম (বিনিয়োগ হিসাব নং-৪৫) বক্তব্য প্রদান করেন। গ্রাহকের অর্থ সঠিক স্থানে বিনিয়োগের দায়িত্ব প্রতিষ্ঠানের মর্মে উল্লেখ করে কোন খারাপ/ভুয়া প্রতিষ্ঠান যেন পুঁজিবাজারে তালিকাভূক্ত হতে না পারে সে লক্ষ্যে পদক্ষেপ গ্রহনের জন্য তিনি আইসিবিকে অনুরোধ করেন। তিনি আইসিবি ক্যাপিট্যাল ম্যানেজমেন্ট লিমিটেড এর গ্রাহক সেবার ব্যাপারে সন্তুষ্টি প্রকাশ করেন। তবে সিলেট শাখার ওয়ার্ক স্টেশনটি ভবনের অন্য ফ্লোরে অবস্থিত হওয়ায় লেনদেনে সময় ক্ষেপণের ফলে সঠিক দামে শেয়ার ক্রয়-বিক্রয় করা সম্ভব হয় না উল্লেখ করে তিনি উক্ত সমস্যা সমাধানকল্পে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

১১। সভায় আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব মোঃ জায়েদ (বিনিয়োগ হিসাব নং-১১১২) বক্তব্য প্রদান করেন। তিনি পুঁজিবাজারের বর্তমান সামগ্রিক অবস্থার বিষয়ে আলোকপাত করে গ্রাহকদের দুরাবস্থার কথা উল্লেখ করেন এবং গ্রাহকের অর্থ যথাযথভাবে বিনিয়োগের স্বার্থে সিলেট শাখায় একজন দক্ষ পরামর্শক নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১২। সভায় আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব রুহুল কুদ্দুস (বিনিয়োগ হিসাব নং-১১৭১) বক্তব্য প্রদান করেন। তিনি শাখার কর্মকর্তাগণের অল্প সময়ের মধ্যে বদলি এবং কর্মরত কর্মকর্তাগণের কাজের সাথে একাডেমিক শিক্ষার অসামঞ্জস্যতার বিষয়ে আলোকপাত করে এতৎবিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আইসিবি সিলেট শাখার কর্ম-পরিবেশ উন্নয়নের বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

চলমান পাতা-০৩

১৩। সভায় আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব এম. এ. ওয়াহিদ (বিনিয়োগ হিসাব নং-১১৯৪) বক্তব্য প্রদান করেন। তিনি আইসিবি ইউনিট সার্টিফিকেট এর প্রশংসা করে আলোচ্য সার্টিফিকেট বিক্রয় কার্যক্রম পুনরায় চালু করার অনুরোধ জানান। তিনি আইসিবির মিউচ্যুয়াল ফান্ডেরও প্রশংসা করেন। তিনি প্রয়োজনে নীতিমালা করে ১% ম্যানেজমেন্ট ফি গ্রহণ করে তহবিল ব্যবস্থাপনার জন্য দক্ষ ফান্ড ব্যবস্থাপক নিয়োগের পরামর্শ প্রদান করেন। যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ডিজিটাল খাতে আইসিবিকে দৃষ্টি আরোপের পরামর্শ প্রদান করেন।

১৪। সভায় আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর সিলেট শাখার গ্রাহক জনাব মোঃ রেজাউল করিম (বিনিয়োগ হিসাব নং-৪৪৮) বক্তব্য প্রদান করেন। মিউচ্যুয়াল ফান্ড এর লভ্যাংশ প্রতিবছর নিম্নমুখী হওয়ায় তিনি হতাশা প্রকাশ করেন। লভ্যাংশের উপর নতুন করে ১০% কর যুক্ত হওয়ার কারণে লভ্যাংশ আরও কমে যাচ্ছে মর্মে উল্লেখ করে গ্রাহকের স্বার্থ রক্ষায় নতুন করে আরোপকৃত কর বাতিলের অনুরোধ জানান। সর্বশেষ তিনি সিলেটে আলোচ্য অংশীজনের সভা আয়োজন করায় সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

১৫। সভায় আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর গ্রাহক জনাব মোঃ আব্দুল জলিল (বিনিয়োগ হিসাব নং-১৯০৬) উপস্থিত ছিলেন। তিনি শেয়ার বাজারে তালিকাভুক্ত সকল কোম্পানির বার্ষিক প্রতিবেদনে স্বচ্ছতা আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। পুঁজিবাজারে মাল্টিন্যাশনাল কোম্পানি এবং দেশীয় কোম্পানি প্রতিযোগিতামূলকভাবে ব্যবসা করছে অথচ মাল্টিন্যাশনাল কোম্পানির EPS বৃদ্ধি পেলেও দেশীয় কোম্পানির EPS বৃদ্ধি পাচ্ছে না মর্মে মন্তব্য করেন। তিনি ঘরে বসে লেনদেন করার ব্যবস্থা চালুর জন্য মোবাইল অ্যাপ বাস্তবায়নের ব্যাপারে আইসিবিকে অনুরোধ করেন। এছাড়া, শরীয়াহ ভিত্তিক ইনডেক্স -এ কোন কোন কোম্পানি তালিকাভুক্ত রয়েছে তা প্রকাশ করার জন্য তিনি অনুরোধ জানান।

১৬। সভায় আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর গ্রাহক জনাব অলক কান্তি সরকার (বিনিয়োগ হিসাব নং-১৬০২) বক্তব্য প্রদান করেন। তিনি বিনিয়োগকারীগণকে ভাল EPS ধারী কোম্পানিতে বিনিয়োগ করার পরামর্শ প্রদান করেন। তিনি মোবাইল অ্যাপ এর মাধ্যমে সব ধরণের সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানান। এছাড়া, আইসিবিতে লেনদেনের দায়িত্বে থাকা কর্মকর্তার মার্জিন বিষয়ে সম্যক ধারণা থাকা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন।

১৮। অংশীজনের বক্তব্য/সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস মাজেদা খাতুন পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে আগ্রহী কোম্পানির নিকট আইসিবিকে ইস্যু ম্যানেজার হিসেবে পরিচিত করিয়ে দেওয়ার জন্য এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে আগ্রহী ভাল কোম্পানির বিষয়ে আইসিবিকে তথ্য দিয়ে সহায়তার জন্য অংশীজনের প্রতি অনুরোধ জানান। ক্ষুদ্র কোম্পানিসমূহ ব্যবসার শুরুতেই ঋণ গ্রহণের ফলে আর্থিক ভারসাম্য রক্ষা করতে পারে না মর্মে উল্লেখ করে তিনি ক্ষুদ্র কোম্পানিসমূহকে প্রাথমিক পর্যায়ে এসএমই প্ল্যাটফর্মে তালিকাভুক্ত হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। অতি শীঘ্রই BSEC এর অনুমোদনসাপেক্ষে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর সিলেট শাখায় নতুন ওয়ার্ক স্টেশন চালু করা হবে মর্মে তিনি সভাকে আশ্বস্ত করেন। এছাড়া, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এ শীঘ্রই DPS সিস্টেম এবং এতৎসংক্রান্ত বিনিয়োগ চালু করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। কোম্পানির নতুন সকল কার্যক্রম ডিজিটালাইজড পদ্ধতিতে পরিচালিত হবে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর ওয়েবসাইট -এ খাতভিত্তিক ভাল মৌলভিত্তির কোম্পানির তালিকা প্রদান করা আছে বলে তিনি সভাকে অবহিত করেন। তিনি তাঁর মোবাইল ও টেলিফোন নম্বর উল্লেখ করে গ্রাহক সেবা সংশ্লিষ্ট যেকোনো প্রয়োজনে সরাসরি তাঁর সাথে যোগাযোগের জন্য গ্রাহকগণকে অনুরোধ করেন।

১৯। সভায় উপস্থিত অংশীজনের বক্তব্যের মাধ্যমে সংশ্লিষ্ট সকল বিনিয়োগকারী উপকৃত হয়েছেন উল্লেখ করে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ মফিজুর রহমান বিনিয়োগকারীগণকে তাঁদের মূল্যবান পরামর্শ/মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। বর্তমানে আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড -এ Email ও sms এর মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে উল্লেখ করে খুব শীঘ্রই অ্যাপভিত্তিক সেবা সুবিধা চালু করা হবে বলে তিনি জানান। এছাড়া শীঘ্রই DSE এবং CSE কে একীভূত করে একটি উন্নত ও সমন্বিত OMS সিস্টেম চালু করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া, শরীয়াহভিত্তিক কোম্পানির তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে যা অতি শীঘ্রই সকলের জন্য উন্মুক্ত করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। কোম্পানির সিলেট শাখায় নতুন একটি ওয়ার্ক স্টেশন চালুর প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে উল্লেখ করে তিনি শীঘ্রই এটি চালুর বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। গ্রাহক সেবা সংক্রান্ত যেকোনো তথ্য/অভিযোগের বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে হটলাইন সেবা চালু হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

চলমান পাতা-০৪

২০। শরীয়াহ ভিত্তিক ইনডেক্স এর তথ্য গোপনীয় এবং তা প্রদর্শন এর জন্য এককালীন ৫ লক্ষ টাকা এবং মাসিক ভিত্তিতে চাঁদা প্রদান করতে হয় মর্মে উল্লেখ করে এতৎবিষয়ে BSEC ও DSE এর সাথে আলোচনা করে উক্ত ইনডেক্স উন্মুক্তকরণ এবং এতৎসংক্রান্ত সকল ফি বাতিলের আবেদন করা হয়েছে বলে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস মাহমুদা আক্তার জানান। এটি বাস্তবায়িত হলে এই ধরণের তহবিল ব্যবস্থাপনা খরচ হ্রাস পাবে এবং বিনিয়োকারীগণকে আরও বেশি পরিমাণ লভ্যাংশ প্রদান করা সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আইসিবি ও এর অধীনস্ত সকল কোম্পানির শাখা কার্যালয় অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর এজেন্ট হিসেবে কাজ করছে বলে তিনি জানান। এছাড়া, কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ইউনিট ফান্ড ও মিউচ্যুয়াল ফান্ড সার্টিফিকেটসমূহ বিক্রয়ে এজেন্ট হিসেবে কাজ করার জন্য NRBC Bank PLC ও National Bank PLC এর সাথে চুক্তি হয়েছে এবং শীঘ্রই মিউচ্যুয়াল ও ইউনিট ফান্ডসমূহ একটি সেন্ট্রালাইজড সিস্টেম এর মাধ্যমে দেশের যেকোনো প্রান্ত থেকে সেল/রিপারচেজ করার ব্যবস্থা চালু হবে বলে তিনি সভাকে অবহিত করেন। পুঁজিবাজারের বর্তমান নাজুক পরিস্থিতিতেও 'আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড' -এ বিনিয়োগকারীগণকে সর্বোচ্চ লভ্যাংশ প্রদানের প্রচেষ্টার অংশ হিসেবে ইতোমধ্যে প্রায় ৭০ লক্ষ টাকার তহবিল ব্যবস্থাপনা ফি মওকুফ করা হয়েছে। আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর অনুকূলে থাকা ২টি শরীয়াহ ভিত্তিক ফান্ড এ বিনিয়োগকারীগণের সর্বোচ্চ মুনাফা প্রদানের জন্য সর্বনিম্ন হারে তহবিল ব্যবস্থাপনা ফি গ্রহণ করা হয়েছে মর্মে তিনি জানান। আইসিবির ২৫টি তহবিলের মধ্যে ১৮ টি তহবিলে কোনো ইরোশন নেই মর্মে তিনি জানান। ভবিষ্যতে বাংলাদেশে মিউচ্যুয়াল ফান্ড এর বিশাল বাজার গড়ে উঠার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে তিনি পুঁজিবাজারের আশু উন্নতি কামনা করে গ্রাহকগণকে ধৈর্য ধারণের অনুরোধ জানান।

২১। আইসিবির উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব এ. টি. এম. আহমেদুর রহমান উপস্থিত গ্রাহকগণকে আইসিবি পরিবারের স্থায়ী সদস্য হিসেবে অভিহিত করে বলেন প্রতিষ্ঠানের কর্মী পরিবর্তন হলেও গ্রাহকগণ এখানে আজীবন যুক্ত থাকেন। আইসিবির গ্রাহক এবং পরিচালনা বোর্ড উভয় খবই বিজ্ঞ বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি সবাইকে সততা, নিষ্ঠা ও একাগ্রতার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ ও ভিশন- ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। পুঁজিবাজারে শেয়ারের ফ্লোর প্রাইজ BSEC নির্ধারণ করে থাকে বিধায় এখানে আইসিবির করণীয় কিছু নেই উল্লেখ করে তিনি সকল বিনিয়োগকারীদের ধৈর্য ধারণের অনুরোধ জানান। আইসিবি বর্তমানে ৬৫ টি মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা করছে বলে তিনি উল্লেখ করেন। পুঁজিবাজারের দুরাবস্থায় প্রায় সকল মিউচ্যুয়াল ফান্ড এর প্রভিশন সংরক্ষণ করা আছে মর্মে জানিয়ে তিনি বলেন নিকট ভবিষ্যতে ফ্লোর প্রাইজ উঠে গেলে মিউচ্যুয়াল ফান্ড এর বাজার খুবই ভাল অবস্থায় আসবে। সুদ মওকুফের বিষয়ে তিনি সভাকে জানান যে, নীতিমালার জন্য আইসিবি চাইলেও মার্জিন ঋণের সুদ সম্পূর্ণ মওকুফ করতে পারে না। তবে আইসিবি নীতিমালার মধ্যে থেকে মার্জিন ঋণের সুদ সর্বোচ্চ পর্যায়ে মওকুফ করে যাচ্ছে মর্মে তিনি জানান।

২২। সভায় আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ড. মোঃ কিসমাতুল আহসান সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে তাঁর মতামত ব্যক্ত করতে গিয়ে প্রতিষ্ঠানে শুদ্ধাচার চর্চার বাইরেও সমাজের সকল স্তরে শুদ্ধাচার প্রতিপালনের উপর গুরুত্ব আরোপ করেন। মানুষের নৈতিকতা ও আদর্শের মতপার্থক্য রয়েছে বলেই বর্তমান সময়ে শুদ্ধাচার চর্চায় নতুন করে গুরুত্বারোপ করা হয়েছে বলে তিনি মত ব্যক্ত করেন। তিনি পুঁজিবাজারের গ্রাহক, কোম্পানি, রেগুলেটর, অডিট ফার্মসহ সকল অংশীজনকে সুশাসন প্রতিষ্ঠায় এগিয়ে আসার আহ্বান জানান। তিনি আইন প্রণয়নের পাশাপাশি আইনের যথাযথ প্রয়োগের ব্যাপারেও গুরুত্ব আরোপ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকায় সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে শুদ্ধাচার প্রতিপালনের পরামর্শ প্রদান করেন। তিনি ধৈর্যশীলতার পরিচয় দিয়ে বিনিয়োগ করার জন্য বিনিয়োগকারীগণকে আহ্বান জানান। এছাড়া, দ্রুত সময়ের মধ্যে আইসিবি সিলেট শাখার কর্ম পরিবেশ উন্নতকরণে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য ব্যবস্থাপনা পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।

২৩। সবার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই পুঁজিবাজারের কাঙ্খিত উন্নয়ন সম্ভব বলে উল্লেখ করে সভার সভাপতি ও আইসিবির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল হোসেন পুঁজিবাজারের উন্নতিকল্পে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান, রেগুলেটরি বডিসহ সকল অংশীজনকে এগিয়ে আসার আহ্বান জানান। পুঁজিবাজারে ভাল কোম্পানি তালিকাভুক্তির বিষয়ে তিনি বলেন আইসিবি ইস্যু ম্যানেজার হিসেবে কাজ করলেই শুধু আইসিবি এই ব্যাপারে পদক্ষেপ নিতে পারে। এছাড়া পুঁজিবাজারে ভাল কোম্পানির তালিকাভুক্তির বিষয়ে আইসিবি কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের সুযোগ নেই। পুঁজিবাজারে কোম্পানির তালিকাভুক্তির সকল ক্ষমতা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উপর ন্যস্ত উল্লেখ করে তিনি বিনিয়োগকারীগণকে ভাল কোম্পানিতে দীর্ঘমেয়াদে বিনিয়োগ করার পরামর্শ প্রদান করেন।

চলমান পাতা-০৫

২৪। আইসিবির শতভাগ বিনিয়োগ পুঁজিবাজারে হওয়ায় এবং ফ্লোর প্রাইজ এর কারণে শেয়ার বিক্রয় করতে না পারায় বিভিন্ন প্রতিষ্ঠানের তহবিল সময়মত ফেরত প্রদান করা সম্ভব হচ্ছে না উল্লেখ করে সকলকে সময়মত সুদ প্রদান করা হচ্ছে মর্মে ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন। তিনি APP ভিত্তিক ট্রেডিং সিস্টেম ও OMS চালুর জন্য সাবসিডিয়ারি কোম্পানিসমূহকে সমন্বিতভাবে একটি APP বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। বিভিন্ন কোম্পানি মনিটরিং সংক্রান্তে তিনি বলেন আইসিবি নিজেই পুঁজিবাজারে তালিকাভুক্ত একটি কোম্পানি। তাই আইসিবি অন্যদের মনিটর করতে পারে না। এই দায়িত্ব বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর উপর ন্যস্ত। তবে, বর্তমান পরিস্থিতি বিবেচনায় অডিট ফার্মসমূহ অডিট সংক্রান্ত ব্যাপারে অনেক সতর্কতা অবলম্বন করছে মর্মে তিনি জানান। গত অর্থবছরে আইসিবি প্রতিটি ইউনিট সার্টিফিকেট এর বিপরীতে ৩৪.৯১ টাকা মুনাফা অর্জন করেছে এবং গ্রাহকগণকে ৩৪.৯০ টাকা লভ্যাংশ প্রদান করেছে উল্লেখ করে তিনি বলেন আইসিবি গ্রাহকগণকে সর্বোচ্চ লভ্যাংশ প্রদানে দৃঢ় প্রতিজ্ঞ। আইসিবি সরকারী প্রতিষ্ঠান হলেও ১৯৭৬ সালে প্রতিষ্ঠার পর থেকে সর্বদা লাভজনক অবস্থায় রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। আইসিবি সর্বদা গ্রাহকগণকে সর্বোচ্চ লভ্যাংশ প্রদানের পাশাপাশি সরকারকে যথাযথভাবে কর পরিশোধ করে যাচ্ছে এবং বিগত চার বছরে সর্বোচ্চ কর প্রদানকারীর পুরস্কার পেয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। ধৈর্য ধারণ করে আইসিবির সাথে থাকার জন্য তিনি আইসিবির সকল গ্রাহকগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এই সহযোগিতা অব্যাহত রাখার অনুরোধ জানান।

২৫। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল বিনিয়োগকারী, অংশীজন, গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(বিভাস সাহা)**
উপ-মহাব্যবস্থাপক ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, আইসিবি

**(মোঃ আবুল হোসেন)**
ব্যবস্থাপনা পরিচালক
আইসিবি।

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০ / ২৪ সেপ্টেম্বর ২০২৩

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
## প্রধান কার্যালয়, ঢাকা।
## হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় প্রান্তিকের **নৈতিকতা কমিটি'র** সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আবুল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি। |
| তারিখ ও সময় | : ০৩ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:৩০ ঘটিকা। |
| স্থান | : বোর্ড রুম, আইসিবি, লেভেল-১৪, বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে সভাপতি নৈতিকতা কমিটির সদস্য এবং কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব এ.টি.এম. আহমেদুর রহমান এর অবসর উপলক্ষে দীর্ঘ তিন দশকের অধিক সময়ের কর্মজীবনে কর্পোরেশনের বিভিন্ন স্তরে অসামান্য অবদানের বিষয়ে আলোকপাত করে অবসরোত্তরকালে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। অতঃপর কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন এর উপ-মহাব্যবস্থাপক জনাব বিভাস সাহা -কে সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের অনুরোধ জানান।

২। কর্পোরেশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ০৫ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোকপাত করেন। নৈতিকতা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মৃত্যুজনিত কারণে হিসাব বন্ধের অনিষ্পন্ন আবেদনসমূহ নিষ্পন্নকরণ বিষয়ে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে অনিষ্পন্ন আবেদনসমূহ নিষ্পন্ন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভার অপর সিদ্ধান্ত অনুযায়ী মৃত্যুজনিত কারণে হিসাব বন্ধকরণের আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে একটি সুপারিশমালা নৈতিকতা কমিটি সমীপে উপস্থাপন করা হয়। শাখার গ্রাহকের মৃত্যুজনিত কারণে হিসাব বন্ধের আবেদন সংশ্লিষ্ট শাখা হতে নিষ্পত্তির লক্ষ্যে এতৎসংক্রান্ত একটি পুর্ণাঙ্গ সুপারিশমালা প্রণয়নের নিমিত্ত উপ-মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন), উপ-মহাব্যবস্থাপক (ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন), উপ-মহাব্যবস্থাপক (আইসিবি রাজশাহী শাখা), উপ-মহাব্যবস্থাপক (মার্চেন্ডাইজিং ডিভিশন), সহকারী মহাব্যবস্থাপক (ল' ডিপার্টমেন্ট) ও সহকারী মহাব্যবস্থাপক (ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-১) এর সমন্বয়ে একটি কমিটি গঠনের বিষয়ে সভা একমত পোষণ করে। উক্ত কমিটি কর্তৃক প্রণীত সুপারিশমালা ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে পরিচালনা বোর্ড সমীপে উপস্থাপনের জন্য ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশনকে নির্দেশনা প্রদান করা হয়।

৩। কর্পোরেশনের অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে প্রথম প্রান্তিকের সভা ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সিলেটে অনুষ্ঠিত হয়েছে মর্মে উল্লেখ করে সদস্য সচিব অংশীজনের অংশগ্রহণে সভার কার্যপত্র সভায় উপস্থাপন করেন। অংশীজনের সভায় আইসিবি সিলেট শাখার সম্মানিত গ্রাহক জনাব আব্দুল কুদ্দুস ও জনাব এম. এ. ওয়াহিদ (বিনিয়োগ হিসাব নং-১১৯৪) সময়ের সাথে তাল মিলিয়ে এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক প্রতিযোগিতামূলক অবস্থায় থাকার জন্য ডিজিটাল ব্যবস্থাপনায় উন্নতি করার জন্য পরামর্শ প্রদান করেন। আইসিবি সিলেট শাখার গ্রাহক জনাব মোঃ জায়েদ (বিনিয়োগ হিসাব নং-১১১২) এবং জনাব রুহুল কুদ্দুস (বিনিয়োগ হিসাব নং-১১৭১) গ্রাহকের অর্থ যথাযথভাবে বিনিয়োগের স্বার্থে আইসিবি সিলেট শাখায় একজন দক্ষ কর্মকর্তাকে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন মর্মে সভাকে অবহিত করা হয়। অংশীজনের সভার কার্যপত্র বিস্তারিত অবহিত হয়ে সভায় ডিজিটাল মাধ্যমে গ্রাহক সেবা প্রদান, আইসিবি সিলেট শাখায় একজন দক্ষ কর্মকর্তাকে পদায়ন, পর্যাপ্ত সংখ্যক ওয়ার্ক স্টেশন স্থাপন এবং কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়। সেবা সহজীকরণ সংক্রান্ত আলোচনা প্রসঙ্গে বর্তমানে কোনো একটি শাখার গ্রাহককে উক্ত নির্দিষ্ট শাখা হতেই সেবা গ্রহণ করতে হয় মর্মে উল্লেখ করে সকল গ্রাহককে যে কোনো শাখা হতে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে একটি রূপরেখা প্রণয়ন করা যায় কিনা সে বিষয়ে আইসিবি রাজশাহী শাখার প্রধান জনাব মোঃ মোশাররফ হোসেন সভার দৃষ্টি আকর্ষণ করেন।

৪। সভায় আইসিবি ইউনিট সার্টিফিকেট হোল্ডারগণকে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে সয়ংক্রিয়ভাবে ই-মেইলের মাধ্যমে Income Tax Certificate ও Investment Certificate সরবরাহকরণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নৈতিকতা কমিটির ০২ আগস্ট ২০২৩ তারিখের সভার সিদ্ধান্তের উপর আলোকপাত করা হয়। প্রধান কার্যালয়ের ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট ও লিয়েন এন্ড জেনারেল ক্রেডিট ডিপার্টমেন্ট এবং আইসিবির শাখা কার্যালয়সমূহ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আইসিবি ইউনিট সার্টিফিকেট হোল্ডারগণকে সয়ংক্রিয়ভাবে ই-মেইলের মাধ্যমে Income Tax Certificate ও Investment Certificate সরবরাহকরণ করা হয়েছে মর্মে সভাকে অবহতি করা হয়। এতৎসংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন ০৭ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা- ০২

৫। গ্রাহকগণকে সহজে ও স্বল্পতম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে আগামী ৩১ মার্চ ২০২৪ তারিখের মধ্যে কর্পোরেশনের সর্বত্র ICB APP বাস্তবায়ন কার্যক্রমকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় ICB APP বাস্তবায়ন সংক্রান্তে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন ০৭ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের নির্দেশনার বিষয়ে আলোচনা করা হয়। সভায় আলোচ্য ICB APP বাস্তবায়নের ধাপসমূহের বিষয়ে আলোচনা হয়। বর্তমানে ICB APP এর লক্ষ্য (Scope) নির্ধারণ ও সে অনুযায়ী ICB APP এর Requirement Analysis এর কাজ সম্পন্ন হয়েছে এবং APP Development এর অংশ হিসেবে Framework প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। উক্ত Framework এর অংশ হিসেবে ICB Unit Lien এর মডিউল এর কাজ সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সামগ্রীকভাবে আলোচ্য ICB APP বাস্তবায়নের ৪০% কাজ সমাপ্ত হয়েছে মর্মে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট এর উপস্থাপনা থেকে কমিটি অবগত হয়। বিস্তারিত আলোচনা শেষে ICB APP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রয়োজনীয় প্রমাণকসহ আগামী ০৭ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৬। সভায় কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন প্রতি ত্রৈমাসিকের পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে মর্মে অবহিত করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে কর্পোরেশনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম ত্রৈমাসিকের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে মর্মে অবহিত হয়ে আলোচ্য বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য (সংযুক্ত) আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

৭। **সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৭.১ শাখা কার্যালয়সমূহের গ্রাহকের মৃত্যুজনিত কারণে হিসাব বন্ধের আবেদন সংশ্লিষ্ট শাখা হতে নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠনপূর্বক একটি পুর্ণাঙ্গ সুপারিশমালা আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে পরিচালনা বোর্ড সমীপে উপস্থাপনের জন্য ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশনকে পরামর্শ প্রদান করা যেতে পারে:

| | | |
|---|---|---|
| ০১. | উপ-মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিভিশন | সভাপতি |
| ০২. | উপ-মহাব্যবস্থাপক, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন | সদস্য |
| ০৩. | উপ-মহাব্যবস্থাপক, আইসিবি রাজশাহী শাখা | সদস্য |
| ০৪. | উপ-মহাব্যবস্থাপক, মার্চেন্ডাইজিং ডিভিশন | সদস্য |
| ০৫. | সহকারী মহাব্যবস্থাপক, ল' ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৬. | সহকারী মহাব্যবস্থাপক, ব্রাঞ্চ অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট-১ | সদস্য সচিব |

৭.২ গ্রাহক সেবার মান উন্নয়নের নিমিত্ত আইসিবি সিলেট শাখায় একজন দক্ষ কর্মচারীকে পদায়নের জন্য অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশনকে পরামর্শ প্রদান করা যেতে পারে;

৭.৩ আইসিবি সিলেট শাখার কর্ম-পরিবেশ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইস্টাবলিশমেন্ট ডিভিশন, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ও আইসিবি সিলেট শাখাকে পরামর্শ প্রদান করা যেতে পারে; এবং

৭.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (সংযুক্ত) আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৮। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

| | |
|---|---|
| **(বিভাস সাহা)** | **(মোঃ আবুল হোসেন)** |
| সদস্য সচিব | সভাপতি |

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ / ০৩ অক্টোবর ২০২৩